# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫১৩২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২১. তৃতীয় অনুচ্ছেদ - অত্যাচার

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قَالَ: «مِنْ شَرِّ النَّاسِ مَنْزِلَةً عِنْدَ اللَّهِ يَوْمَ الْقِيَامَةِ عَبْدٌ أَذْهَبَ آخِرَتَهُ بِدُنْيَا غَيْرِهِ» . رَوَاهُ ابْن مَاجَه

### বাংলা

৫১৩২-[১০] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন মর্যাদার দিক থেকে সে ব্যক্তি নিকৃষ্ট হবে, যে নিজের পরকালকে পার্থিব স্বার্থ হাসিলের উদ্দেশে ধ্বংস করেছে। (ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : ইবনু মাজাহ ৩৯৬৬, য‘ঈফাহ্ ১৯১৫, য‘ঈফুল জামি‘ ২০০৮, ‘ত্ববারানী’র আল মু‘জামুল কাবীর ৭৪৩৭, শু‘আবুল ঈমান ৬৯৩৮।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ‘‘শাহর ইবনু হাওশাব’’ নামের বর্ণনাকারী য‘ঈফ। আর ‘আবদুল হাকাম আস্ সাদূসী নামের বর্ণনাকারী অপরিচিত। দেখুন- য‘ঈফাহ্ ১৯১৫ ।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَذْهَبَ آخِرَتَهُ بِدُنْيَا غَيْرِه) উক্ত হাদীসাংশের ব্যাখ্যায় ‘আবদুল বাক্বী (রহিমাহুল্লাহ) বলেনঃ এখানে দু’টো অর্থের সম্ভাবনা রয়েছে। ১. তুচ্ছ জিনিসের লোভে কাউকে হত্যা করে আখিরাত বরবাদ করা। ২. অথবা অত্যাচারীকে নগণ্য বস্তু ছিনিয়ে নিতে সাহায্য করে আখিরাত নষ্ট করা। (ইবনু মাজাহ ৩য় খন্ড, হাঃ ৩৯৬৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75856

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন